


এপ্রিল/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ  
 সভার তারিখ : ১৭.০৪.২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায়  
 সভাপতি : মোঃ শরিফুল ইসলাম, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।  
 উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটি সভাকরণ সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটি
২.	আলোচনা: আইন-শৃঙ্খলা সংক্রান্ত সার্বিক অবস্থা সিদ্ধান্ত : উপজেলার আইন-শৃঙ্খলা সংক্রান্ত সার্বিক অবস্থা নিয়ে বিস্তারিত আলোচনান্তে, কোথাও আইন-শৃঙ্খলার অবনতি হলে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় এবং উপজেলা পরিষদের সভায় অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটি
৩.	আলোচনা: ধর্ষণ, চুরি, ও অন্যান্য অপরাধ সংক্রান্ত সিদ্ধান্ত : উপজেলায় বিগত কয়েকদিন ধর্ষণ, মাদকাসক্তি ও চুরির ঘটনা বেড়েছে। তবে অন্যান্য অপরাধের সংখ্যা তুলনামূলক কমেছে। এ সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
 সভাপতি ১৭/৪/২২

উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা  
 সংক্রান্ত কমিটি  
 গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।  
 তারিখ : ১৭.০৪.২০২২ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।

  
 সদস্য সচিব ১৭.৪.২২

উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা  
 সংক্রান্ত কমিটি  
 গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।